জীবনের কিছু হল না হায়—
হল না গো হল না হায় হায় ।
গহনে গহনে কত আর ভ্রমিব, নিরাশার এ আঁধারে ।
শূন্য হৃদয় আর বহিতে যে পারি না,
পারি না গো পারি না আর ।
কী লয়ে এখন ধরিব জীবন, দিবস-রজনী চলিয়া যায়—
দিবস-রজনী চলিয়া যায়—
কত কী করিব বলি উঠে বাসনা,
কী করিব জানি না গো ।
সহচর ছিল যারা, ত্যেজিয়া গেল তারা; ধনুর্বাণ ত্যেজেছি,
কোনো আর নাহি কাজ—
কী করি কী করি বলি, হাহা করি ভ্রমি গো—
কী করিব জানি না যে !

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Tritaal, Style: Mishra-Hameer-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail